দৈনিক ইনকিলাব

তারিখ JUN 23 2006
পৃষ্ঠা ১২ কলাম ২

# ১০ ক্যাডেট কলেজে ৪৪৯টি জিপিএ-৫ ২ জন ফেল

স্টাফ রিপোর্টার

দেশের ১০ ক্যাডেট কলেজ থেকে ৪শ' ৯৩ জন পরীক্ষার্থী এবারের মাধ্যমিক পরীক্ষায় অংশ নেয়। তার মধ্যে ৪শ' ৯১ জন পরীক্ষার্থী সফলতার সাথে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ ৪শ' ৯১ জনের মধ্যে ৪শ' ৪৯ জন জিপিএ-৫ এবং ৪২ জন জিপিএ-৪ পেয়েছে। ফেল করেছে ২ জন। দেশের ১০টি ক্যাডেট কলেজ মাধ্যমিক পরীক্ষায় সাফল্যের ধারাবাহিকতা অক্ষুণ্ন রেখেছে। ক্যাডেট ২-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## ১০ ক্যাডেট কলেজে

১২-এর পৃষ্ঠার পর

কলেজের ছাত্র-ছাত্রীরা এবারই প্রথম জাতীয় শিক্ষা কারিকুলামের অধীনে ইংরেজী মাধ্যমে পরীক্ষায় বসে। জিপিএ-৫ প্রাপ্তদের ৪শ' ৩২ জন বিজ্ঞান শাখার ও ১৭ জন মানবিক শাখায়। এছাড়া জিপিএ-৪ প্রাপ্তদের ৩৫ জন বিজ্ঞান বিভাগের ও ৭ জন মানবিক বিভাগের পরীক্ষার্থী।

ঝিনাইদাহ, মির্জাপুর, রাজশাহী, সিলেট, রংপুর, বরিশাল, পাবনা ও কুমিল্লা ক্যাডেট কলেজ ১০০ শতাংশ সফলতার গৌরব অর্জন করেছে। এবারের মাধ্যমিক পরীক্ষায় ঝিনাইদহ ক্যাডেটে ৫০ জন, মির্জাপুর ক্যাডেটে [illegible] রাজশাহী ক্যাডেটে ৪৭ জন, সিলেট ক্যাডেটে ৫৩ জন, রংপুর ক্যাডেটে ৪৯ জন, বরিশাল ক্যাডেটে ৪৭ জন, পাবনা ক্যাডেটে ৪৮ জন ও কুমিল্লা ক্যাডেটে ৪৮ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল।

এছাড়া ফৌজদারহাট ক্যাডেট কলেজ থেকে ৪৮ জন পরীক্ষা দিয়ে ৪৭ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে এবং ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজে ৫৪ পরীক্ষার্থীর মধ্যে ৫৩ জন উত্তীর্ণ হয়েছে।